গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুলাউড়া, মৌলভীবাজার
www.kulaura.moulvibazar.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তরের সমন্বয়ে ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মাহমুদুর রহমান মামুন
উপজেলা নির্বাহী অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ১২/০২/২০২৪ সময়: বেলা ০২.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সরকারি সকল সংস্থা/দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদকরণের পাশাপাশি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখ করা সময়ের মধ্যেই প্রতিশ্রুত সেবা প্রদান করাসহ সেবা প্রদান সহজীকরণেরন বিষয়ে গুরুত্বারোপ করেন।

ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | **আওতাধীন সংস্থা/দপ্তরের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন :**<br>সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন সংস্থা/দপ্তরের সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকে সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | ১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন সংস্থা/দপ্তরের সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকে সভা আয়োজন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া |
| ২ | **সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) যথাযথভাবে প্রণয়ন করা:**<br>আওতাধীন সংস্থা/দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) যথাযথভাবে প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২.১ আওতাধীন সংস্থা/দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) যথাযথভাবে প্রণয়নকালে সচরাচর যে ত্রুটিসমূহ পরিলক্ষিত হয়, তা সংশোধন/পরিহারক্রমে স্ব স্ব অফিসের সিটিজেন চার্টার প্রণয়ন করতে হবে। | |
| ৩ | **সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বর্ণিত সেবাসমুহ সঠিক সময়ে সম্পাদন করা:**<br>সকল অফিসের নিজ নিজ সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩.১ স্ব স্ব অফিসের সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | |
| ৪ | **পরিবীক্ষণ কমিটি পুর্নগঠন:**<br>ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রুতশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৪.১ প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রুতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোড ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।<br>৪.২ কোন ত্রৈমাসিকে কমিটি পুনর্গঠনের প্রয়োজন না হলে সে সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।<br>৪.৩ পরিবীক্ষণ কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন স্ব স্ব | |

| | | | |
|---|---|---|---|
| | | ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | |
| ৫ | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার আয়োজন:** ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৫.১ ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকে একটি করে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.১২.২৪

(মাহমুদুর রহমান মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার
মোবাইল : ০১৭৩০-৩৩১০৭৪
ই-মেইল : unokulaura@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৩৫.০০১.০৩.০১৫.২০- ১২৮ তারিখঃ ১২/০২/২০২৪

১। জেলা প্রশাসক, মৌলভীবাজার
২। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক উপজেলা কমিটির সদস্য,.................................................কুলাউড়া, মৌলভীবাজার
৩। উপজেলা ................................................অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার
৪। অফিস কপি